“আমি তো প্রেরিত হয়েছি উত্তম চরিত্রের পূর্ণতা দান করার জন্যে।”

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আমি তো প্রেরিত হয়েছি উত্তম চরিত্রের পূর্ণতা দান করার
জন্যে।”
[হাসান] [এটি বুখারী আদাবুল মুফরাদে, আহমদ ও বাইহাকী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন যে, আল্লাহ তাআলা তাঁকে প্রেরণ করেছেন মানুষের চরিত্রের মাহাত্ম্য ও সৌন্দর্যকে পরিপূর্ণ করার জন্য। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্ববর্তী নবী-রাসূলগণের ধারাবাহিকতায় প্রেরিত হয়েছেন এবং আরবদের ভালো চরিত্রকে পরিপূর্ণ করার জন্য এসেছেন। আরবরা ভালো কাজকে ভালোবাসত এবং মন্দ কাজকে ঘৃণা করত। তারা ছিলেন সাহসিকতা, উদারতা ও মহানুভবতায় ভরপুর। তবে তাদের চরিত্রে কিছু ত্রুটি ও অপূর্ণতা ছিল, যেমন বংশগত গৌরব করা, অহংকার প্রদর্শন, গরিবদের তুচ্ছ তাচ্ছিল্য করা ইত্যাদি।

http://sunnah.global/hadeeth/bn/show/66233